

ফাতওয়া নাম্বার: ২৭৪

প্রকাশকাল: ২১-০৮-২০২১ ইং

ভুলে ফরয গোসল ছুটে গেলে কি সালাত হবে?

প্রশ্ন:

আজ ঘুম থেকে উঠতে একটু দেরি হয়ে যায়। উঠে দেখি, সালাতের সামান্য সময় বাকি। তাই তাড়াছড়া করে ওয়ু করে সালাত পড়ে নিই। নয়টার দিকে পায়জামা দেখে বুঝতে পারি, আজ আমার স্বপ্নদোষ হয়েছিল। এখন আমার জানার বিষয় হল, আমার সালাত কি সহীহ হয়েছে? না, পুনরায় আদায় করতে হবে?

প্রশ্নকারী- মেহরাব হাসান

ঠিকানা- কুমিল্লা

উত্তর:

স্বপ্নদোষ হলে শরীর নাপাক হয়ে যায় এবং গোসল ফরয হয়। এ অবস্থায় সালাত সহীহ নয়। তাই আপনার সালাত সহীহ হয়নি, গোসল করে পবিত্র হয়ে পুনরায় তা আদায় করতে হবে।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৫-১২-১৪৪৩ হি.

১৫-০৭-২০২২ ঈ.

